# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) আসামের শিক্ষাক্ষেত্রের উন্নয়নের জন্যে বিশ্বব্যাংক থেকে দুহাজার ৭৫০ কোটি টাকা ঋণ নেওয়ার বিষয়ে রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত/

(২) দেশজুড়ে জাতীয় সম্প্রচার দিবস পালন/ শিলঙে মূল কার্যসূচী/

এবং

(৩) গত রবিবার কালাইনের কাছে সিন্দুরায় বেড়াতে গিয়ে পাহাড়ি নদীতে তলিয়ে যাওয়া শ্রীভূমির যুবক সৌভিক সরকারের মৃতদেহ আজ গুমড়ার একটি নদীতে উদ্ধার/

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার পৌরহিত্যে আজ ডিব্রুগড়ে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সাংবাদিকদের জানান যে আসাম পুলিশের নতুন থানা , বেরেক , সাইবার থানা নির্মাণ করার জন্য গঠিত মিশন মৈত্রী নামের সোসাইটিকে ১৫০ কোটি টাকা মঞ্জুর করা হয় । আগামী ১২ আগষ্ট ১০ টি সমজেলার কাজ শুরু করার প্রতি লক্ষ্য রেখে পুলিশ সুপারের ১০ টি পদ সৃষ্টি করার বিষয়েও মন্ত্রীসভা অনুমোদন জানায় ।মুখ্যমন্ত্রী বলেন --

বাইট

রাজ্যের শিক্ষাখন্ডের জন্য বিশ্ববেংক থেকে ২ হাজার ৭৫০ কোটি টাকা ঋণ গ্রহণ করার বিষয়ে আজ সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মুখ্যমন্ত্রী বলেন যে এই ঋণের একটি অংশ শিক্ষকদেরকে বিজ্ঞান ও অংকের প্রশিক্ষণ প্রদান করা সহ প্রধান শিক্ষককে ব্যবস্থাপনা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করার কাজে ব্যবহার করা হবে । এছাড়া

৪০০ টি স্কুলকে ৩ থেকে ৫ কোটি টাকা করে প্রদান করা হবে বলে তিনি জানান ।তিনি আর ও বলেন ----

বাইট

---

ভারতের উন্নয়ন, শিক্ষার প্রসার এবং সাংস্কৃতিক সংরক্ষণের ক্ষেত্রে সম্প্রচারের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়ে প্রচার করার উদ্দেশ্যে আজ সমগ্র দেশে জাতীয় সম্প্রচার দিবস পালন করা হচ্ছে । ১৯২৭ সালের আজকের দিনে ইন্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানির বোম্বে স্টেশন থেকে দেশে প্রথমবারের জন্যে বেতার সম্প্রচার আরম্ভ হয়েছিল । ১৯৩৬ সালের আটই জুন ইন্ডিয়ান ব্রডকাস্টিং সার্ভিসেস'কে অল ইন্ডিয়া রেডিও নামে নামকরণ করা হয়েছিল । এবং এরপর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের দেওয়া নাম অনুসারে এর নাম আকাশবাণী করা হয়েছিল । আকাশবাণী প্রায় নব্বুই বছর ধরে স্বকীয় ধারায় শ্রোতাদের মধ্যে নিজের পরিচয় গড়ে তুলেছে । আকাশবাণীর নিজস্বতা তার তথ্যমূলক অনুষ্ঠান, সত্যনিষ্ঠ সংবাদ প্রচার এবং বৈচিত্রময় ভারতবর্ষের বহুভাষিক চরিত্র ও সাংস্কৃতিক বিভিন্নতাকে যথাযথভাবে জনসাধারণের মধ্যে তুলে ধরায় ব্রতী রয়েছে । স্বাধীনতা সংগ্রামের সময়ে তথ্য প্রচার এবং ঐক্য গড়ে তোলার স্বার্থে রেডিও জনসাধারণের কাছে যাওয়ার একটি শক্তিশালী মাধ্যম হিসেবে পরিগণিত হয় । স্বাধীনতার পরও এই মাধ্যম বিশেষ করে গ্রামাঞ্চলে সাক্ষরতা, স্বাস্থ্য সচেতনতা, কৃষি সংক্রান্ত জ্ঞানের প্রসারের ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হয়েছিল । এছাড়া ১৯৭১ সালের ভারত-পাকিস্তান যুদ্ধ এবং ১৯৬২ সালের ভারত-চিন যুদ্ধের সময়েও আকাশবাণী সংবাদ প্রচার এবং জনমত গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

আজ জাতীয় সম্প্রচার দিবস উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে প্রসার ভারতীর অধ্যক্ষ নবনীত কুমার সেহেগল বলেন যে- বছরের পর বছর ধরে শিক্ষা, তথ্য এবং বিনোদনের ক্ষেত্রে আকাশবাণী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে । তিনি একইসঙ্গে আগামী বছর আকাশবাণী 'রাষ্ট্রের কণ্ঠ হিসেবে ৯০ বছর' উদযাপন করবে বলেও উল্লেখ করেছেন ।

প্রসার ভারতীর মুখ্য কার্যবাহী আধিকারিক গৌরব দ্বিবেদী বলেছেন যে- ৯০ বছরের জাতীয় ঐতিহ্য হিসেবে আকাশবাণী এখনও শক্তিশালী রূপে এগিয়ে যাচ্ছে ।

---

জাতীয় সম্প্রচার দিবসের মূল কর্যসূচী আজ শিলঙে অনুষ্ঠিত হয়েছে । আসাম ও মেঘালয়ে পাঁচদিনের সফরসূচী নিয়ে আসা আকাশবাণীর সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পালিয়াল গৌড় শিলঙে আজ আকাশবাণীর ৯০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক সঙ্গীতানুষ্ঠানে অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে মেঘালয় সরকারের আয়ুক্ত সচিব ডঃ বি ডি আর তিওয়ারি এবং আকাশবাণী-উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বে থাকা অতিরিক্ত সঞ্চালক প্রধান আশিস ভাটনগর সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । এই সঙ্গীতানুষ্ঠানে আকাশবাণী গুয়াহাটি, শিলঙ, আগরতলা, ইম্ফাল, ইটানগর, কোহিমা এবং গ্যাংটক কেন্দ্রের অনুমোদিত সঙ্গীত শিল্পীদের সঙ্গীতানুষ্ঠান সকলকে আপ্লুত করেছে ।

আগামীকাল ডঃ গৌড় শিলঙে মেঘালয়ের আকাশবাণী কেন্দ্রগুলির কাজকর্মের পর্যালোচনা করবেন । আগামী ২৫শে জুলাই বিকেলে ডঃ পালিয়াল গৌড় গুয়াহাটি আসবেন এবং আগামী ২৬শে জুলাই তিনি গুয়াহাটিতে আসামের আকাশবাণী কেন্দ্রসমূহের কাজকর্মের পর্যালোচনা করবেন । আগামী ২৭শে জুলাই ডঃ গৌড় নতুনদিল্লি ফিরে যাবেন ।

---

জাতীয় সম্প্রচার দিবস উপলক্ষে লায়ন্স ক্লাব অব ভ্যালি ভিউ'য়ের পক্ষ থেকে আজ আকাশবাণী শিলচর কেন্দ্রকে সম্মাননা স্মারক দিয়ে সম্মান জানানো হয়েছে । বরাক উপত্যকা সহ পাশ্ববর্তী অঞ্চলের শিক্ষাগত, সামাজিক, সাংস্কৃতিক উন্নয়নের পাশাপাশি সঠিক সংবাদ পরিবেশনে এই কেন্দ্রের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ এই সম্মাননা প্রদান করা হয়েছে ।

---

কাছাড় জেলার কালাইনের কাছে সিন্দুরা পিকনিক স্পটে গত রবিবার বেড়াতে গিয়ে পাহাড়ি নদীতে স্নান করতে গিয়ে খরস্রোতা নদীর স্রোতে তলিয়ে যাওয়া শ্রীভূমির দুজন যুবকের মধ্যে এপর্যন্ত সন্ধানহীন সৌভিক সরকারের মৃতদেহ আজ গুমড়ার কাছে একটি নদী থেকে উদ্ধার করা হয়েছে । নিখোঁজ দুই যুবকের মধ্যে বিশাল ঘোষের মৃতদেহ সেইদিনই সিন্দুরা নদীতে পাওয়া গেলেও অন্য যুবকটি এই ক'দিন সন্ধানহীন ছিল । আজ সকালে ঘটনাস্থল থেকে চার কিলোমিটার দূরে গুমড়ার নদী থেকে সৌভিকের মৃতদেহ উদ্ধার করা হয় । স্থানীয় জনগণ মৃতদেহটি নদীতে ভাসতে দেখে পুলিশকে খবর দেয় । পরে পুলিশ ঘটনাস্থলে এসে মৃতদেহ উদ্ধার করে মরণোত্তর পরীক্ষার জন্য

শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছে । উল্লেখ্য- শ্রীভূমি জেলার বদরপুর ও ভাঙ্গার সাতজন যুবক গত রবিবার সিন্দুরাতে বেড়াতে গিয়ে এই দুর্ঘটনাটি ঘটে ।

---------------------------------------------------------------------------------------

মণিপুরের বিশিষ্ট নাট্যকার , নাট্য পরিচালক , সঙ্গীত নাটক একাডেমী পুরস্কারে সম্মানিত রতন থিয়াম আজ ভোরে ইম্ফালের এক হাসপাতালে শেষ নিঃশ্বাষ ত্যাগ করেন । বয়স হয়েছিল ৭৭ । নাট্যকার থিয়াম ১৯৮৭ সাল থেকে ১৯৮৯ সাল পর্যন্ত জাতীয় নাট্য বিদ্যালয়ের পরিচালক হিসেবে এবং ২০১৩ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত জাতীয় নাট্য বিদ্যালয়ের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন ।ভারতীয় নাট্য সাহিত্যে বিশেষ অবদান স্বীকৃতি স্বরূপ তাঁকে ১৯৮৭ সালে সঙ্গীত নাটক একাডেমী পুরস্কার , ১৯৮৯ সালে পদ্মশ্রী সম্মানে সম্মানিত করা হয় ।মণিপুর সরকার নাটকের ক্ষেত্রে আজীবন অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে বিশেষ সম্মানে ভূষিত করে ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের নাগরিক পরিকাঠামো ও অনাময় ব্যবস্থার বর্তমান অবস্থা খতিয়ে দেখতে রাজ্যের গৃহ নির্মাণ ও শহর পরিক্রমা বিভাগের আয়ুক্ত সচিব কবিতা পদ্মানাভন গতকাল শিলচরে এসে শহরের পরিকাঠামো , পানীয়জল ব্যবস্থা এবং স্বচ্ছতার বিষয়ে পর্যালোচনা করেন । তিনি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান সরজমিনে পরিদর্শন করে পরিস্কার পরিচ্ছন্নতা ,  কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও নাগরিক পরিষেবার ক্ষেত্রে থাকা বাধা চিহ্নিত করে তা দ্রুত সমাধান করার নির্দেশ দেন ।আয়ুক্ত সচিব শ্রীমতি পদ্মানাভন শিলচর পৌর নিগমের অধীন ব্যস্ত বাজার এলাকা , প্রধান সড়ক , ডাম্পিং গ্রাউন্ড ,শহরের সীমানা ঘুরে দেখেন ।শ্রীমতি পদ্মানাভন রাঙিরখাল , লংগাইখাল ও সোনাই রোড সহ বন্যা প্রবন এলাকাগুলি পরিদর্শন করেন এবং ঐসব এলাকার নিকাশি ব্যবস্থা খতিয়ে দেখে দ্রুত সমাধানমূলক ব্যবস্থা গ্রহণ করার ওপর জোড় দেন ।পরিদর্শন শেষে তিনি আবর্জনা নিষ্কাষণ এবং নাগরিক পরিষেবার উন্নয়নের বিষয়ে এক বৈঠকে মিলিত হন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের পক্ষ থেকে আজও শিলচর সেন্ট্রাল রোগ , প্রেমতলা , শিলংপট্টি ,পার্ক রোড ,ক্যাপিটেল পয়েন্টে দখল করে রাখা ফুটপাত দখলমুক্ত করা হয়েছে । পৌর নিগমের পক্ষ থেকে জানানো হয়েছে যে খুব শীঘ্রই শিলচরে একটি হকার জোন চিহ্নিত করা হবে যেখানে হকাররা সম্মানজনকভাবে ব্যবসা করতে পারবেন । এই অভিযান আগামীতেও চলবে বলে পৌর নিগমের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে আজ দলীয় কার্যালয়ে শ্রীভূমি জেলা পরিষদের সভাপতি ও উপ-সভাপতি পদ সংক্রান্ত বিষয় নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্যের মন্ত্রী কৌশিক রাই , মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , অসম প্রদেশ বিজেপির সহ-সভানেত্রী মুন স্বর্নকার প্রমূখ অংশগ্রহন করেন । শ্রীভূমি জেলায় বিজেপির জেলা পরিষদ গঠন সহ সভাপতি ও সহ-সভাপতির নির্বাচন নিয়ে আলোচনা করা হয় ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় নাংখিয়াং এফ সি দল ৭-৩ গোলে চিক্কুর এফ সি দলকে পরাজিত করেছে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় ইয়ুথ ব্লুমিং ক্লাব মূখোমূখি হবে মার ব্রার্দাসের বিরুদ্ধে ।

---